

পরিকল্পনা নং ৩০৮  
মাহালুল হায়াত (পেনশন বীমা)

সৃষ্টির বিধান অনুযায়ী সকলকেই একদিন বার্ধক্যে উপনীত হতে হয়। আমাদের প্রচলিত সমাজ ব্যবস্থায় মানুষ স্বভাবতই : বার্ধক্যে উপনীত হওয়ার সাথে সাথে কর্মহীন হয়ে পরনির্ভরশীল হয়ে পড়ে; হয়ে পড়ে অসহায়। মহান নবী করীম (সাঃ) এ চিরস্মৱন সত্যটির প্রতি ইঙ্গিত দিয়ে যৌবনে কর্মের প্রতি অধিক মনোযোগী হয়ে ভবিষ্যতে সঞ্চয়ে উদ্বৃক্ষ করেছেন। বার্ধক্য জীবন যাতে শান্তিময় ও স্বচ্ছ হয়ে উঠে এবং চিন্তাহীনভাবে মহান আল্লাহর ইবাদতে আত্মানিবেদনের অধিকতর সুযোগ থাকে সেদিকটির প্রতি লক্ষ্য রেখেই ইসলামী অনুশাসনের মধ্যে প্রগতি লাইফের এক অনন্য ব্যতিক্রমধর্মী পরিকল্পনা হচ্ছে এ পেনশন বীমা।

এ পরিকল্পনে অবসরকালীন (অর্থাৎ পলিসির মেয়াদ পূর্তির সাথে সাথে) সময় থেকে আজীবন পেনশন প্রদান করা হবে। পেনশন একবার শুরু হবার পর নিশ্চিত ১০ (দশ) বছর ধরে তা চলতে থাকবে। পেনশন আরম্ভ হওয়ার পূর্বে বীমাবৃত্তের মৃত্যুতে (আল্লাহ না করণ) মনোনীতককে জমাকৃত সকল প্রিমিয়াম ফেরত প্রদান করা হবে। বার্ষিক পেনশনের সর্বোচ্চ ৫০% মেয়াদ পূর্তির পর নগদ অর্থের বিনিময়ে সমর্পণ করা যেতে পারে। বীমাগ্রাহক ইচ্ছা করলে নামমাত্র ঝুঁকি প্রিমিয়াম প্রদানের বিনিময়ে নিজের জীবনের উপর অতিরিক্ত বীমা ঝুঁকি নিতে পারেন।